সমাজ সেবা কর্মীদের জন্য আচরণবিধি

এবং

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাদের জন্য আচরণবিধি

সেপ্টেম্বর 2002

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাগণ

ভূমিকা

এই নথিটিতে সমাজ সেবা কর্মী এবং তাঁদের নিয়োগকর্তাদের জন্য ঐক্যমত্যে পোঁছনো গেছে এমন আচরণবিধিগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে বর্ণনা করা হয়েছে সমাজ সেবা কর্মী এবং তাঁদের নিয়োগকর্তারা ব্যবহার এবং আচরণের কোন মানসমূহের পরিধির মধ্যে কাজ করবেন। এই ভূমিকাটি সমাজ সেবা কর্মীদের আচরণবিধির মধ্যেও দেওয়া হয়েছে এবং এর উদ্দেশ্য হল আচরণবিধিগুলি কেন তৈরি করা হয়েছে এবং একজন সমাজ সেবা কর্মী, নিয়োগকর্তা, পরিসেবা ব্যবহারকারী বা সাধারণ ব্যক্তি হিসাবে আপনার কাছে এগুলির অর্থ কী সে সম্পর্কে আপনাকে অবহিত করা।

2001 সনের 1 লা অক্টোবর নর্দার্ন আয়ারল্যান্ড সোশ্যাল কেয়ার কাউন্সিল, স্কটিশ সোশ্যাল সার্ভিসেস্ কাউন্সিল এবং কেয়ার কাউন্সিল ফর ওয়েলস্ এর সঙ্গে একই সময় জেনারেল সোশ্যাল কেয়ার কাউন্সিল কাজ শুরু করে। এই কাউন্সিল বা পরিষদগুলির কর্তব্য হল আচরণবিধি তৈরি করা এবং সমাজ সেবার মানসমূহের উন্নতি ঘটানোর লক্ষ্যে নিজেদের অবদান হিসাবে কাউন্সিলগুলি একত্রে কাজ করে এই আচরণবিধিগুলি তৈরি করেছে।

এই নথিটিতে কর্মী এবং নিয়োগকর্তাদের জন্য দুটি কোডই অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ এগুলি একে অন্যের পরিপূরক এবং এতে উচ্চমানের পরিসেবা দেওয়ার লক্ষ্যে নিয়োগকর্তা এবং কর্মীদের যৌথ দায়িত্ব প্রতিফলিত হয়েছে।

আচরণবিধিগুলি কী?

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাদের জন্য আচরণবিধিতে কর্মীদের নিয়ন্ত্রণের ক্ষেত্রে নিয়োগকর্তাদের দায়িত্ব বর্ণনা করা হয়েছে। জাতীয় স্তরে এই প্রথম এধরণের মান ঘোষণা করা হল। আচরণবিধির শর্ত হল এই যে নিয়োগকর্তারা তাঁদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহের প্রতি বিশ্বস্ত থাকবেন, সমাজ সেবী কর্মীদের আচরণবিধি পালনে সাহায্য করবেন এবং কর্মীরা যদি আশানুরূপ ব্যবহারবিধি মেনে না চলেন তবে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

সমাজ সেবা কর্মীদের আচরণবিধিটি হল বিবৃতিসমূহের একটি তালিকা যাতে কর্মীদের দৈনন্দিন কাজে আচরণ এবং ব্যবহারের যে পেশাদার মান আশা করা হয় তা বর্ণনা করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় স্তরে এই প্রথম এই ধরনের মান ঘোষণা করা হল যদিও স্থানীয় পর্যায়ে অনেক নিয়োগকর্তা এধরনের মান ঘোষণা করেছেন। এই আচরণবিধির উদ্দেশ্য হল সমাজ সেবার কাজের যে মান আশা করা হচ্ছে তা স্পষ্টভাবে জানানো এবং এটা সুনিশ্চিত করা যাতে কর্মীরা জানতে পারেন যে নিয়োগকর্তা, সহকর্মী, পরিসেবা গ্রহণকারী, যত্নকারী (কেয়ারার) এবং জনসাধারণ তাঁদের কাছে কীরকম আচরণ আশা করেন।

আচরণবিধির আরও উদ্দেশ্য হল যাতে বাস্তবে বিদ্যমান সুঅভ্যাসগুলি প্রতিফলিত হয় এবং এটা অনুমান করা হচ্ছে যে কর্মী এবং নিয়োগকর্তারা এই আচরণবিধির মধ্যে কাজের সেই মানগুলির উল্লেখ দেখতে পাবেন যা ইতিমধ্যেই তাঁরা যৌথভাবে অর্জন করতে উদ্‌গ্রীব। কাউন্সিল এই আচরণবিধিগুলি বিভিন্ন এলাকায় সহজলভ্য করে এই মানসমূহের ব্যাপক প্রচার করবে।

আচরণবিধিগুলি কীভাবে ব্যবহার করা হবে?

যুক্তরাজ্যের চারটি দেশে সমাজ সেবার কাজ নিয়ন্ত্রণের প্রক্রিয়াটি চালু করার লক্ষ্যে এই আচরণবিধিগুলি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সমাজ সেবার কর্মীদের নথিভুক্ত করার দায়িত্ব কাউন্সিলগুলির। এই নথিটি হবে একটি সরকারি নথি যাতে বোঝা যায় যে যাঁদের নাম নথিভুক্ত করা হয়েছে তাঁরা নথিভুক্তির শর্তসমূহ পূরণ করেছেন এবং সমাজ সেবা কর্মীদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহ মেনে চলতে রাজি হয়েছেন।

অসদাচরণের ক্ষেত্রে এবং একজন নথিভুক্ত কর্মীর নাম নথিতে থাকবে কি না সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাউন্সিল সমাজ সেবা কর্মীদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহ বিবেচনা করবে।

আপনার কাছে আচরণবিধির অর্থ কী হবে?

একজন সমাজ কর্মী হিসাবে আপনি আচরণের নির্দেশিকা পাবেন এবং কাজের কীরকম মান আপনার কাছে আশা করা হয় সে সম্পর্কে স্পষ্ট ধারণা পাবেন। আপনাকে নিজের আচরণ এই বিধির মাণদন্ডে পরীক্ষা করার জন্য এবং উন্নতি প্রয়োজন এমন ক্ষেত্রগুলি নির্দিষ্ট করতে উৎসাহিত করা হচ্ছে।

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তা হিসাবে আপনি জানতে পারবেন কর্মীবর্গের নিয়ন্ত্রণের লক্ষ্যে এবং উচ্চমানের সমাজ সেবা দেওয়ার কাজে সাহায্য করার জন্য আপনার ভূমিকা কী হওয়া উচিত। আচরণবিধিতে ঘোষিত মানের নিরীখে আপনার নিজের আচরণ এবং নীতিগুলির মান পর্যালোচনা করার জন্য আপনাকে উৎসাহ দেওয়া হচ্ছে।

পরিসেবা ব্যবহারকারী বা সাধারণ ব্যক্তি হিসাবে এই আচরণবিধিগুলি আপনাকে বুঝতে সাহায্য করবে একজন সমাজ সেবা কর্মীর আপনার সঙ্গে কীরকম ব্যবহার করা উচিত এবং কীভাবে নিয়োগকর্তাদের সমাজ সেবা কর্মীদের ভালভাবে কাজ করার জন্য সাহায্য করা উচিত।

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাদের জন্য আচরণবিধি

এই আচরণবিধির উদ্দেশ্য হল সমাজ সেবা কর্মীদের পরিচালনার কাজে নিয়োগকর্তাদের দায়িত্বসমূহ বর্ণনা করা। কর্মীবর্গকে নিয়ন্ত্রণের উদ্দেশ্য হল পরিসেবা গ্রহণকারীদের এবং যত্নকারীদের স্বার্থ সুরক্ষিত রাখা এবং তার প্রচার ঘটানো। এই আচরণবিধি বর্তমানে বিদ্যমান নিয়োগকর্তাদের নীতিগুলির স্থানপূরণ করা বা সেগুলি নকল করার বদলে সেগুলির সম্পূরক হিসাবে কাজ করবে বলে তৈরি করা হয়েছে এবং এটি কর্মী নিয়োগ সংক্রান্ত আইন প্রণয়ন, কর্মী নিয়োগের প্রয়োজনীয়তা এবং সে সম্পর্কিত নির্দেশিকার বৃহত্তর সমন্বয়ের অংশ। নিয়োগকর্তাদের দায়িত্ব হল এই আচরণবিধিতে ঘোষিত মানগুলি নিশ্চিতভাবে পূরণ করা, উচ্চমানের পরিসেবা দেওয়া এবং সামাজিক পরিসেবার কাজে জনসাধারণের বিশ্বাস এবং আস্থা অর্জন করা।

অবস্থান

সেবার মানগুলি কার্যকর করার লক্ষ্যে দ্য ন্যাশনাল কেয়ার স্ট্যান্ডার্ডস্ কমিশন এবং সোশ্যাল সার্ভিসেস্ ইন্সপেক্টরেট এই আচরণবিধি বিবেচনা করবে।

সমাজ সেবা কর্মীবর্গকে পরিচালনা করার ক্ষেত্রে নিজেদের দায়িত্ব পূরণ করার জন্য সমাজ সেবা নিয়োগকর্তারা অবশ্যইঃ

- সুনিশ্চিত করবেন যাতে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিরাই নিযুক্ত হন এবং তাঁরা নিজেদের ভূমিকা এবং দায়িত্বগুলি ভাল করে বুঝতে পারেন;

- লিখিত নীতি এবং পদ্ধতিসমূহ তৈরি রাখেন যাতে সমাজ সেবা কর্মীরা জেনারেল সোশ্যাল কেয়ার কাউন্সিলের (জিএসসিসি) সমাজ সেবা কর্মীদের জন্য তৈরি আচরণবিধি মেনে চলতে পারেন।

- সমাজ সেবা কর্মীদের দক্ষতা এবং জ্ঞানকে আরও শক্তিশালী করতে এবং তার উন্নতি ঘটাতে প্রশিক্ষণ এবং উন্নয়নের সুযোগ দেবেন;

- বিপজ্জনক, বৈষম্যমূলক বা শোষণমূলক ব্যবহার এবং আচরণ সামলাতে লিখিত নীতি এবং পদ্ধতিসমূহ তৈরি করবেন এবং সেগুলি বাস্তবে রূপায়ণ করবেন; এবং

- সমাজ সেবা কর্মী, পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের মধ্যে জিএসসিসি-র আচরণবিধি প্রচার করবেন এবং জিএসসিসি -র কার্যপদ্ধতির সঙ্গে সহযোগিতা করবেন।

1 একজন সমাজ সেবা নিয়োগকর্তা হিসাবে আপনি অবশ্যই নিশ্চিত করবেন যাতে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিরাই সমাজ সেবার কাজে নিযুক্ত হন এবং তাঁরা নিজেদের ভূমিকা এবং দায়িত্বগুলি ভাল করে বুঝতে পারেন;

এর অন্তর্ভুক্ত হলঃ

1.1 কঠোর এবং নিশ্ছিদ্র নিয়ুক্তি এবং নির্বাচন প্রক্রিয়া যাতে নিশ্চিতভাবে সেই সব ব্যক্তি নিযুক্ত হন যাঁদের উপযুক্ত জ্ঞান এবং দক্ষতা আছে এবং যাঁরা সমাজ সেবার কাজ করার উপযুক্ত;

1.2 প্রার্থীদের অপরাধমূলক কাজের ইতিহাস আছে কি না, প্রাসঙ্গিক রেজিস্টার বই এবং সূচকগুলি পরীক্ষার মাধ্যমে প্রার্থীরা কর্তব্যসমূহ পালন করতে সমর্থ কি না তা নিয়ুক্তি অনুমোদন করার আগেই মূল্যায়ন করা;

1.3 নির্ভরযোগ্য নির্দেশসমূহ খোঁজ করা এবং দেওয়া;

1.4 কর্মীদের ভূমিকা এবং দায়িত্ব, প্রাসঙ্গিক আইনকানুন এবং কর্মক্ষেত্রে তাঁদের যে সংস্থাগত নীতি এবং পদ্ধতি মেনে চলতে হবে সে সম্পর্কে পরিষ্কার তথ্য দেওয়া; এবং

1.5 উচ্চমানের পরিসেবা এবং যত্ন নিশ্চিত করতে কর্মী এবং সংস্থার কাজকর্ম পরিচালনা করা।

2 একজন সমাজ সেবার কাজে নিয়োগকর্তা হিসাবে আপনি অবশ্যই লিখিত নীতি এবং পদ্ধতিসমূহ তৈরি রাখবেন যাতে সমাজ সেবা কর্মীরা জেনারেল সোশ্যাল কেয়ার কাউন্সিলের (জিএসসিসি) সমাজ সেবা কর্মীদের জন্য তৈরি আচরণবিধি মেনে চলতে পারেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

2.1 নিম্নলিখিত বিষয়ে লিখিত নীতিসমূহ বাস্তবে রূপায়ণ করা এবং তত্ত্বাবধান করাঃ গোপনীয়তা; সমান সুযোগ; ঝুঁকির মূল্যায়ন, জিনিসপত্রের অপব্যবহার; নথি রক্ষা; এবং পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের কাছ থেকে টাকাপয়সা অথবা ব্যক্তিগত উপহার গ্রহণ;

2.2 কর্মীদের কার্যকরিভাবে পরিচালনা এবং তত্ত্বাবধান করা যাতে কার্যকরি অভ্যাস এবং ভাল আচরণ করতে সাহায্য হয় এবং কর্মীদের কাজকর্মে কোনো দুর্বলতা থাকলে তা দুর করতে তাঁদের সাহায্য করা যায়;

2.3 প্রক্রিয়াসমূহ তৈরি রাখা যাতে সমাজ সেবা কর্মীরা নিরাপদ যত্ন দেওয়ার পথে বাধা সৃষ্টি করছে এমন অপর্যাপ্ত সম্পদ বা প্রয়োগগত অসুবিধা জানাতে পারেন এবং তাঁদের সঙ্গে ও উপযুক্ত কর্তৃপক্ষের সঙ্গে কাজ করা যাতে বিষয়গুলির সমাধান করা যায়; এবং

2.4 সমাজ সেবা কর্মীদের জিএসসিসি-র আচরণবিধির প্রত্যাশা পূরণ করতে সাহায্য করা এবং তাঁদের এমন কোনো কাজ করতে না বলা যাতে তাঁদের আচরণবিধি মেনে চলার পথে ঝুঁকির সম্মুখীন হতে হয়।

3 একজন সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তা হিসাবে আপনি অবশ্যই সমাজ সেবা কর্মীদের দক্ষতা এবং জ্ঞানকে আরও শক্তিশালী করতে এবং তার উন্নতি ঘটাতে প্রশিক্ষণ এবং উন্নয়নের সুযোগ দেবেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

3.1 সমাজ সেবা কর্মীদের নিযুক্তি, প্রশিক্ষণ এবং উন্নতির সুযোগ দিয়ে সাহায্য করা যাতে তাঁরা নিজেদের কাজ কার্যকরিভাবে করতে পারেন এবং নতুন ও পরিবর্তনশীল ভূমিকা এবং দায়িত্বের জন্য প্রস্তুত হতে পারেন;

3.2 সমাজ সেবা এবং সমাজ সেবা শিক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থায় নিজের অবদান রাখা যার মধ্যে থাকবে কার্যকরি কর্মক্ষেত্র সংক্রান্ত মূল্যায়ন এবং শিক্ষার অভ্যাস;

3.3 নথিভুক্তি সাপেক্ষে পদস্থ কর্মীদের সাহায্য করা যাতে তাঁরা জিএসসিসি-র নথিভুক্তির যোগ্যতা সংক্রান্ত শর্ত এবং প্রয়োজনগুলি পূরণ করতে পারেন ধারাবাহিক পেশাদারী উন্নতির জন্য; এবং

3.4 যে সব সমাজ সেবা কর্মী সাহায্য চান এই কারণে যে তাঁরা কাজের কোনো বিশেষ ক্ষেত্রে নিজেদের সমর্থ বা যথেষ্ট প্রস্তুত বলে মনে করেন না, তাঁদের আবেদনে উপযুক্ত সাড়া দেওয়া।

4 একজন সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তা হিসাবে আপনি অবশ্যই বিপজ্জনক, বৈষম্যমূলক বা শোষণমূলক ব্যবহার এবং আচরণ সামলাতে লিখিত নীতি এবং পদ্ধতিসমূহ তৈরি করবেন এবং বাস্তবে রূপায়ণ করবেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

4.1 সমাজ সেবা কর্মীদের কাছে এটা পরিষ্কার করে দেওয়া যে ভয় দেখানো, হয়রানি বা অন্য ধরনের অযৌক্তিক বৈষম্যমূলক আচরণ গ্রহণযোগ্য নয় এবং এধরনের আচরণের ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করা;

4.2 সমাজ সেবা কর্মীরা যাতে বিপজ্জনক, বৈষম্যমূলক, অভদ্র বা শোষণমূলক আচরণ এবং অভ্যাস জানাতে পারেন এবং এই সব অভিযোগের ক্ষেত্রে সত্বর কার্যকরি এবং খোলামেলাভাবে পদক্ষেপ নেওয়া যায় তার জন্য পদ্ধতিসমূহ তৈরি করা এবং তার প্রচার করা;

4.3 সমাজ সেবা কর্মী, পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের কাছে এটা স্পষ্ট করে দেওয়া যে কর্মীদের প্রতি হিংসা, ভয় দেখানো বা অভদ্রতা বরদাস্ত করা হবে না এবং হিংসার ঝুঁকি কমাতে এবং হিংসাত্মক ঘটনা সামলাতে স্পষ্ট নীতি এবং পদ্ধতি তৈরি করা;

4.4 যে সব সমাজ সেবা কর্মী কাজের ক্ষেত্রে মানসিক আঘাত বা হিংসার শিকার হয়েছেন তাঁদের সাহায্য করা;

4.5 কর্মীদের কল্যাণ এবং সমান সুযোগের উন্নতিতে সাহায্য করে এমন লিখিত নীতি এবং পদ্ধতিসমূহ তৈরি করা এবং সেগুলির বাস্তব রূপায়ণ করা; এবং

4.6 পরিসেবা ব্যবহারকারীদের যত্ন এবং নিরাপত্তাকে নিশ্চিত অগ্রাধিকার দিয়েও সেই সব সমাজ কর্মীকে উপযুক্ত সহায়তা দেওয়া যাঁদের অসুস্থতা বা মাদকদ্রব্য বা মদের ওপর নির্ভরতার

কারণে কাজ ক্ষতিগ্রস্ত হয়েছে এবং যখন তাঁদের চিকিৎসা চলছে তখন তাঁদের কাজের পরিসীমা সম্পর্কে স্পষ্ট নির্দেশ দেওয়া।

5 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই সমাজ সেবা কর্মী, পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের মধ্যে জিএসসিসি -র আচরণবিধি প্রচার করবেন এবং জিএসসিসি-র কার্যপদ্ধতির সঙ্গে সহযোগিতা করবেন।

এর মধ্যে আছেঃ

5.1 সমাজ সেবা কর্মীদের এই আচরণবিধি সম্পর্কে জানানো এবং এটি মেনে চলার ক্ষেত্রে আপনার দায়িত্ব;

5.2 সমাজ সেবা কর্মীদের জিএসসিসি-র আচরণবিধি সম্পর্কে জানানো এবং এই আচরণবিধি মেনে চলার ক্ষেত্রে তাঁদের ব্যক্তিগত দায়িত্ব;

5.3 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের এই আচরণবিধি সম্পর্কে অবহিত করা এবং তাঁদের জানানো যে কীভাবে আপনার নীতিগুলির মাধ্যমে কোনো বিষয় উত্থাপন করা যায় এবং প্রয়োজনে আচরণবিধি সম্পর্কিত বিষয়ে জিএসসিসি-র সঙ্গে যোগাযোগ করা যায়;

5.4 কর্মীদের আচার আচরণ সম্পর্কিত কোনো বিষয়ে সিদ্ধান্ত নিতে হলে জিএসসিসি-র সমাজ সেবা কর্মীদের জন্য আচরণবিধিটি বিবেচনা করা;

5.5 নথিভুক্ত সমাজ সেবা কর্মীদের কোনো অসদাচরণ, যাতে তাঁদের নথিভুক্তি প্রশ্নের সম্মুখীন হতে পারে, জিএসসিসি-কে জানানো এবং সংশ্লিষ্ট কর্মীকে এ সম্পর্কে অবহিত করা যে বিষয়টি জিএসসিসি -কে জানানো হয়েছে; এবং

5.6 জিএসসিসি-র তদন্ত এবং শুনানির সঙ্গে সহযোগিতা করা এবং জিএসসিসি-র তদন্তের ফলাফল এবং সিদ্ধান্তে উপযুক্ত সাড়া দেওয়া।

সমাজ সেবা কর্মীগণ

ভূমিকা

এই নথিটিতে সমাজ সেবা কর্মী এবং তাঁদের নিয়োগকর্তাদের জন্য ঐক্যমত্যে পৌঁছনো গেছে এমন আচরণবিধিগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এতে বর্ণনা করা হয়েছে সমাজ সেবা কর্মী এবং তাঁদের নিয়োগকর্তারা ব্যবহার এবং আচরণের কোন মানসমূহের পরিধির মধ্যে কাজ করবেন। এই ভূমিকাটি সমাজ সেবা কর্মীদের আচরণবিধির মধ্যেও দেওয়া হয়েছে এবং এর উদ্দেশ্য হল আচরণবিধিগুলি কেন তৈরি করা হয়েছে এবং একজন সমাজ সেবা কর্মী, নিয়োগকর্তা, পরিসেবা ব্যবহারকারী বা সাধারণ ব্যক্তি হিসাবে আপনার কাছে এগুলির অর্থ কী সে সম্পর্কে আপনাকে অবহিত করা।

2001 সনের 1 লা অক্টোবর নর্দার্ন আয়ারল্যান্ড সোশ্যাল কেয়ার কাউন্সিল, স্কটিশ সোশ্যাল সার্ভিসেস্ কাউন্সিল এবং কেয়ার কাউন্সিল ফর ওয়েলস্ এর সঙ্গে একই সময় জেনারেল সোশ্যাল কেয়ার কাউন্সিল কাজ শুরু করে। এই কাউন্সিল বা পরিষদগুলির কর্তব্য হল আচরণবিধি তৈরি করা এবং সমাজ সেবার মানসমূহের উন্নতি ঘটানোর লক্ষ্যে নিজেদের অবদান হিসাবে কাউন্সিলগুলি একত্রে কাজ করে এই আচরণবিধিগুলি তৈরি করেছে।

এই নথিটিতে কর্মী এবং নিয়োগকর্তাদের জন্য দুটি কোডই অন্তর্ভুক্ত করা হয়েছে কারণ এগুলি একে অন্যের পরিপূরক এবং এতে উচ্চমানের পরিসেবা দেওয়ার লক্ষ্যে নিয়োগকর্তা এবং কর্মীদের যৌথ দায়িত্ব প্রতিফলিত হয়েছে।

আচরণবিধিগুলি কী?

সমাজ সেবা কর্মীদের আচরণবিধিটি হল বিবৃতিসমূহের একটি তালিকা যাতে কর্মীদের দৈনন্দিন কাজে আচরণ এবং ব্যবহারের যে পেশাদার মান আশা করা হয় তা বর্ণনা করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় স্তরে এই প্রথম এই ধরনের মান ঘোষণা করা হল যদিও স্থানীয় পর্যায়ে অনেক নিয়োগকর্তা এধরনের মান ঘোষণা করেছেন। এই আচরণবিধির উদ্দেশ্য হল সমাজ সেবার কাজের যে মান আশা করা হচ্ছে তা

স্পষ্টভাবে জানানো এবং এটা সুনিশ্চিত করা যাতে কর্মীরা জানতে পারেন যে নিয়োগকর্তা, সহকর্মী, পরিসেবা গ্রহণকারী, যত্নকারী (কেয়ারার) এবং জনসাধারণ তাঁদের কাছে কীরকম আচরণ আশা করেন।

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাদের জন্য আচরণবিধিতে কর্মীদের নিয়ন্ত্রণের ক্ষেত্রে নিয়োগকর্তাদের দায়িত্ব বর্ণনা করা হয়েছে। এক্ষেত্রেও জাতীয় স্তরে এই প্রথম এধরণের মান ঘোষণা করা হল। আচরণবিধির শর্ত হল এই যে নিয়োগকর্তারা তাঁদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহের প্রতি বিশ্বস্ত থাকবেন, সমাজ সেবী কর্মীদের আচরণবিধি পালনে সাহায্য করবেন এবং কর্মীরা যদি আশানুরূপ ব্যবহারবিধি মেনে না চলেন তবে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

আচরণবিধির আরও উদ্দেশ্য হল যাতে বাস্তবে বিদ্যমান সুঅভ্যাসগুলি প্রতিফলিত হয় এবং এটা অনুমান করা হচ্ছে যে কর্মী এবং নিয়োগকর্তারা এই আচরণবিধির মধ্যে কাজের সেই মানগুলির উল্লেখ দেখতে পাবেন যা ইতিমধ্যেই তাঁরা যৌথভাবে অর্জন করতে উদ্‌গ্রীব। কাউন্সিল এই আচরণবিধিগুলি বিভিন্ন এলাকায় সহজলভ্য করে এই মানসমূহের ব্যাপক প্রচার করবে।

আচরণবিধিগুলি কীভাবে ব্যবহার করা হবে?

যুক্তরাজ্যের চারটি দেশে সমাজ সেবার কাজ নিয়ন্ত্রণের প্রক্রিয়াটি চালু করার লক্ষ্যে এই আচরণবিধিগুলি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সমাজ সেবার কর্মীদের নথিভুক্ত করার দায়িত্ব কাউন্সিলগুলির। এই নথিটি হবে একটি সরকারি নথি যাতে বোঝা যায় যে যাঁদের নাম নথিভুক্ত করা হয়েছে তাঁরা নথিভুক্তির শর্তসমূহ পূরণ করেছেন এবং সমাজ সেবা কর্মীদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহ মেনে চলতে রাজি হয়েছেন।

অসদাচরণের ক্ষেত্রে এবং একজন নথিভুক্ত কর্মীর নাম নথিতে থাকবে কি না সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাউন্সিল সমাজ সেবা কর্মীদের আচরণবিধিতে ঘোষিত মানসমূহ বিবেচেনা করবে।

আপনার কাছে আচরণবিধির অর্থ কী হবে?

একজন সমাজ কর্মী হিসাবে আপনি আচরণের নির্দেশিকা পাবেন এবং কাজের কীরকম মান আপনার কাছে আশা করা হয় সে সম্পর্কে স্পষ্ট ধারণা পাবেন। আপনাকে নিজের আচরণ এই বিধির মাণদন্ডে পরীক্ষা করার জন্য এবং উন্নতি প্রয়োজন এমন ক্ষেত্রগুলি নির্দিষ্ট করতে উৎসাহিত করা হচ্ছে।

সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তা হিসাবে আপনি জানতে পারবেন কর্মীবর্গের নিয়ন্ত্রণের লক্ষ্যে এবং উচ্চমানের সমাজ সেবা দেওয়ার কাজে সাহায্য করার জন্য আপনার ভূমিকা কী হওয়া উচিত। আচরণবিধিতে ঘোষিত মানের নিরীখে আপনার নিজের আচরণ এবং নীতিগুলির মান পর্যালোচনা করার জন্য আপনাকে উৎসাহ দেওয়া হচ্ছে।

পরিসেবা ব্যবহারকারী বা সাধারণ ব্যক্তি হিসাবে এই আচরণবিধিগুলি আপনাকে বুঝতে সাহায্য করবে একজন সমাজ সেবা কর্মীর আপনার সঙ্গে কীরকম ব্যবহার করা উচিত এবং কীভাবে নিয়োগকর্তাদের সমাজ সেবা কর্মীদের ভালভাবে কাজ করার জন্য সাহায্য করা উচিত।

সমাজ সেবা কর্মীদের জন্য আচরণবিধি

এই বিধির উদ্দেশ্য হল সমাজ সেবা কর্মীদের কাছ থেকে যেরকম আচরণ আশা করা হয় তা বর্ণনা করা এবং পরিসেবা ব্যবহারকারী এবং জনসাধারণ সমাজ সেবা কর্মীদের কাছ থেকে কীরকম আচরণ আশা করতে পারেন তা তাঁদের জানানো। এটি ব্যাপকতর ক্ষেত্রে আইনকানুন, আচরণের মান এবং নিয়োগকর্তার নীতি এবং পদ্ধতিসমূহের অঙ্গ, যা সমাজ সেবা কর্মীদের মেনে চলতে হয়। সমাজ সেবা কর্মীদের আচরণের মান যাতে আচরণবিধি বর্ণিত মানের নীচে না চলে যায় এবং যাতে তাঁদের তরফে কোনো পদক্ষেপ বা কোনো ভ্রান্তি পরিসেবা ব্যবহারকারীদের কল্যাণে প্রভাব না ফেলে তা নিশ্চিত করার দায়িত্ব সমাজ সেবা কর্মীদের।

অবস্থান

জেনারেল সোশ্যাল কেয়ার কাউন্সিল আশা করে যে সমাজ সেবা কর্মীরা এই আচরণবিধি মেনে চলবেন এবং যদি নথিভুক্ত কর্মীরা এই বিধি মেনে না চলেন তবে তাঁদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হতে পারে।

কর্মীদের আচরণের ব্যাপারে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে হলে সমাজ সেবা কর্মীদের নিয়োগকর্তাগণ এই আচরণবিধিটি বিবেচনা করবেন।

সমাজ সেবা কর্মীরা অবশ্যইঃ

- পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের অধিকারগুলি এবং তাঁদের স্বার্থ রক্ষা করবেন;

- পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের আস্থা এবং বিশ্বাস অর্জন করতে এবং তা বজায় রাখতে চেষ্টা করবেন;

- পরিসেবা ব্যবহারকারীদের স্বাধীনতা বর্ধন করবেন এবং সেই সঙ্গে যতটা সম্ভব তাঁদের বিপদ বা ক্ষতি থেকে রক্ষা করবেন;

- পরিসেবা ব্যবহারকারীদের অধিকারগুলিকে সম্মান করবেন এবং এটা সুনিশ্চিত করতে চেষ্টা করবেন যাতে তাঁদের ব্যবহার নিজেদের বা অন্যান্য ব্যক্তিদের ক্ষতিসাধন না করে;

- সামাজিক পরিসেবার কাজে জনসাধারণের আস্থা এবং বিশ্বাস তুলে ধরবেন; এবং

- নিজেদের কাজের গুণাগুণের ব্যাপারে দায়বদ্ধ থাকবেন এবং নিজেদের জ্ঞান এবং দক্ষতাগুলি বজায় রাখতে এবং সেগুলির উন্নতি ঘটাতে দায়িত্ব নেবেন।

1 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের অধিকার এবং স্বার্থ সুরক্ষিত রাখবেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

1.1 প্রত্যেককে ব্যক্তি হিসাবে গণ্য করা;

1.2 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারী উভয়েরই ব্যক্তিগত মতামত এবং ইচ্ছাগুলিকে সম্মান করা এবং যেখানে উপযুক্ত সেগুলির প্রচার করা;

1.3 পরিসেবা ব্যবহারকারীদের নিজের জীবনকে নিয়ন্ত্রণ করার অধিকার এবং তাঁরা যে পরিসেবা পাচ্ছেন সে সম্পর্কে অবহিত হয়ে নির্বাচন করার অধিকারকে সহায়তা প্রদান করা;

1.4 পরিসেবা ব্যবহারকারীদের মর্যাদা এবং নিভৃত জীবনযাপনের অধিকারকে সম্মান দেওয়া এবং তা বজায় রাখা;

1.5 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের সমান সুযোগ দেওয়া; এবং

1.6 বিভিন্নতা এবং বিভিন্ন সংস্কৃতি ও মূল্যবোধকে সম্মান করা।

2 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের আস্থা এবং বিশ্বাস অর্জন করতে এবং তা বজায় রাখতে চেষ্টা করবেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

2.1 সৎ এবং বিশ্বাসভাজন হওয়া;

2.2 সঠিক, খোলামেলা, নিখুঁত এবং সরাসরি ভাব বিনিময় করা;

2.3 গোপন তথ্যকে গুরুত্ব দেওয়া এবং পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের কাছে গোপনীয়তা সংক্রান্ত এজেন্সী নীতিগুলি স্পষ্টভাবে ব্যাখ্যা করা;

2.4 নির্ভরযোগ্য এবং বিশ্বাসযোগ্য হওয়া;

2.5 কাজে দায়বদ্ধতা, চুক্তি এবং ব্যবস্থাদিকে মর্যাদা দেওয়া এবং যখন তা সম্ভব হবে না তখন বিষয়টি পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের কাছে ব্যাখ্যা করা;

2.6 যে বিষয়গুলি স্বার্থের দ্বন্দ্ব তৈরি করতে পারে সেগুলি ঘোষণা করা এবং সেগুলি যাতে আপনার বিচার বিবেচনা এবং আচরণকে প্রভাবিত করতে না পারে তা নিশ্চিত করা; এবং

2.7 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের কাছ থেকে উপহার এবং টাকাপয়সা নেওয়া সম্পর্কে নীতি এবং পদ্ধতিগুলির প্রতি বিশ্বস্ত থাকা।

3 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই পরিসেবা ব্যবহারকারীদের স্বাধীনতা বজায় রাখবেন এবং সেই সঙ্গে যতটা সম্ভব তাঁদের বিপদ বা ক্ষতি থেকে রক্ষা করবেন।

এর অন্তর্ভুক্ত হলঃ

3.1 পরিসেবা ব্যবহারকারীদের স্বাধীনতা বজায় রাখা এবং তাঁদের নিজেদের অধিকারগুলি বুঝতে এবং তা প্রয়োগ করতে সাহায্য করা;

3.2 বিপজ্জনক, অভদ্র, বৈষম্যমূলক বা শোষণমূলক ব্যবহার এবং আচরণ সম্পর্কে জানাতে এবং এগুলির বিরুদ্ধে রুখে দাঁড়াতে প্রতিষ্ঠিত প্রক্রিয়া এবং পদ্ধতিসমূহ ব্যবহার করা;

3.3 যে সব রীতিনীতি এবং পদ্ধতিগুলি আপনি এবং অন্যান্য ব্যক্তিদের কাজের ক্ষেত্রে হিংসাত্মক বা অভদ্র আচরণ থেকে নিরাপদ রাখতে তৈরি করা হয়েছে সেগুলি মেনে চলা;

3.4 নিরাপদ যত্ন প্রদান করার ক্ষেত্রে যে সব সম্পদগত বা প্রয়োগগত অসুবিধা বাধা সৃষ্টি করতে পারে সেগুলির প্রতি আপনার নিয়োগকর্তা বা উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা;

3.5 যেক্ষেত্রে আপনার সহকর্মীদের রীতিনীতি নিরাপত্তাহীন বা যত্নের মানের ওপর বিরূপ প্রভাব ফেলতে পারে, সেক্ষেত্রে আপনার নিয়োগকর্তা বা উপযুক্ত কর্তৃপক্ষকে জানানো;

3.6 নিয়োগকর্তার স্বাস্থ্য এবং নিরাপত্তা সংক্রান্ত নীতিগুলি মেনে চলা যার মধ্যে আছে মাদকদ্রব্যের অপব্যবহার সংক্রান্ত নীতিগুলিও;

3.7 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের অভিযোগ জানাতে সাহায্য করা, অভিযোগগুলিকে গুরুত্ব দেওয়া এবং সে ব্যাপারে প্রতিক্রিয়া জানানো বা সেগুলিকে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেওয়া; এবং

3.8 পরিসেবা ব্যবহারকারী এবং যত্নকারীদের সঙ্গে কাজ করে আপনি যে ক্ষমতা পেয়েছেন তাকে স্বীকৃতি দেওয়া এবং তা দায়িত্ব সচেতনভাবে ব্যবহার করা।

4 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই পরিসেবা ব্যবহারকারীদের অধিকারগুলিকে মর্যাদা দেবেন এবং সেই সঙ্গে নিশ্চিত করবেন যাতে তাঁদের ব্যবহার নিজেদের বা অন্য ব্যক্তিদের ক্ষতি না করে।

এর অন্তর্ভুক্ত হলঃ

4.1 পরিসেবা ব্যবহারকারীদের ঝুঁকি নেওয়ার অধিকার সম্পর্কে অবহিত থাকা এবং তাঁদের নিজেদের এবং অন্যদের পক্ষে সম্ভাব্য এবং বাস্তব ঝুঁকিগুলি চিহ্নিত করতে এবং সামলাতে সাহায্য করা;

4.2 ঝুঁকি মূল্যায়ন নীতি এবং পদ্ধতিগুলি অনুসরণ করে এটা মূল্যায়ন করার চেষ্টা করা যে পরিসেবা ব্যবহারকারীদের আচরণ থেকে তাঁদের এবং অন্যদের কোনো ক্ষতির ঝুঁকি আছে কি না;

4.3 পরিসেবা ব্যবহারকারীদের দ্বারা তাঁদের নিজেদের এবং অন্যান্যদের বাস্তব বা সম্ভাব্য ক্ষতির ঝুঁকি থাকলে তা যতদূর সম্ভব কমানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা; এবং

4.4 সংশ্লিষ্ট সহকর্মী এবং এজেন্সীগুলি যাতে ঝুঁকির মূল্যায়নের ফলাফল এবং তাৎপর্য সম্পর্কে অবহিত হতে পারে তা সুনিশ্চিত করা।

5 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই সামাজিক পরিসেবার প্রতি জনসাধারণের আস্থা এবং বিশ্বাস তুলে ধরবেন।

বিশেষতঃ আপনি অবশ্যই এগুলি করবেন নাঃ

5.1 পরিসেবা ব্যবহারকারী, যত্নকারী বা সহকর্মীদের সঙ্গে অভদ্র ব্যবহার, অবজ্ঞা বা ক্ষতি করা;

5.2 পরিসেবা ব্যবহারকারী, যত্নকারী বা সহকর্মীদের কোনোভাবে শোষণ করা;

5.3 পরিসেবা ব্যবহারকারীদের বা যত্নকারীদের আস্থার অথবা তাঁদের ব্যক্তিগত বা সম্পত্তি সম্পর্কিত, বাড়ির বা কর্মস্থলের যে তথ্যে আপনার প্রবেশাধিকার আছে তার অমর্যাদা করা বা অপব্যবহার করা;

5.4 পরিসেবা ব্যবহারকারীদের সঙ্গে অসংগত ব্যক্তিগত সম্পর্ক স্থাপন করা;

5.5 বেআইনিভাবে বা অসমর্থনীয়ভাবে পরিসেবা ব্যবহারকারী, যত্নকারী বা সহকর্মীদের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা;

5.6 পরিসেবা ব্যবহারকারী, যত্নকারী বা সহকর্মীদের কোনো বেআইনি বা অসমর্থনীয় বৈষম্যমূলক আচরণ ক্ষমা করা;

5.7 নিজেকে বা অন্য ব্যক্তিদের অপ্রয়োজনীয় ঝুঁকির সম্মুখীন করা; অথবা

5.8 কাজের সময় বা কাজের বাইরে এমন আচরণ করা যাতে সমাজ সেবার কাজে আপনার যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠতে পারে।

6 একজন সমাজ সেবা কর্মী হিসাবে আপনি অবশ্যই আপনার কাজের মান সম্পর্কে দায়বদ্ধ থাকবেন এবং আপনার জ্ঞান এবং দক্ষতাগুলি বজায় রাখা এবং সেগুলির উন্নতি ঘটানোর দায়িত্ব নেবেন।
এর অন্তর্ভুক্ত হলঃ

6.1 কাজকর্মের প্রথা সংক্রান্ত প্রাসঙ্গিক মান বজায় রাখা এবং আইনসংগত, নিরাপদ এবং কার্যকরি উপায়ে কাজ করা;

6.2 আপনার কাজ সংক্রান্ত প্রতিষ্ঠিত পদ্ধতি অনুযায়ী পরিষ্কার এবং নিখুঁত নথিপত্র তৈরি রাখা;

6.3 কোনো ব্যক্তিগত অসুবিধার কারণে আপনার যথাযথ এবং নিরাপদভাবে কাজ করার সামর্থ প্রভাবিত হলে সে সম্পর্কে আপনার নিয়োগকর্তা বা উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করা;

6.4 আপনার কাজের কোনো ক্ষেত্রে নিজেকে সমর্থ বা যথেষ্ট প্রস্তুত মনে না করলে অথবা কোনো কাজের ব্যাপারে কীভাবে এগোতে হবে সে সম্পর্কে নিশ্চিত না হলে আপনার নিয়োগকর্তা বা উপযুক্ত কর্তৃপক্ষের সহায়তা প্রার্থনা করা;

6.5 সহকর্মীদের সঙ্গে খোলামেলাভাবে এবং সহযোগিতার মনোভাব নিয়ে কাজ করা এবং তাঁদের প্রতি সম্মান প্রদর্শন করা;

6.6 অন্য কর্মীদের আপনি যে সব কাজের দায়িত্ব অর্পন করেছেন সেই সব কাজ সম্পর্কে নিজের দায়িত্ব স্বীকার করা;

6.7 অন্যান্য এজেন্সী থেকে আগত কর্মীদের ভূমিকা এবং দক্ষতা স্বীকার করা এবং তার মর্যাদা দেওয়া এবং তাঁদের সঙ্গে যৌথভাবে কাজ করা; এবং

6.8 আপনার জ্ঞান এবং দক্ষতা বজায় রাখতে এবং সেগুলির উন্নতি ঘটাতে প্রাসঙ্গিক প্রশিক্ষণগুলি নেওয়া এবং অন্যদের শিক্ষা এবং উন্নতিতে নিজের অবদান রাখা।

General Social Care Council
Goldings House
2 Hay’s Lane
London
SE1 2HB

020 7397 5100
www.gscc.org.uk

© Copyright General Social Care Council 2002